

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৯৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রুকূতে যেতে ও রুকূ থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الْافْتِتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرِ ذَلِكَ ، وَاخْتِلَافِ الرَّوَايَات

আরবী

حَدَّتَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، تَنَا عَلِيُّ بْنُ شُعَيْبِ ، ثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ ، عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ ، عَنْ أَبِيهِ ، عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ ، قَالَ : " رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ إِذَا افْتَتَحَ الصَّلَاةَ ، رَفَعَ يَدَيْهِ حَتَّى حَاذَتَا مَنْكِبَيْهِ ، وَحِينَ أَرَادَ أَنْ يَرْكَعَ ، وَيَعْدَ مَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ ؛ وَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى فَخِذِهِ الْأَيْمَنِ ، وَيَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْأَيْمَنِ ، وَيَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْأَيْسَرِ ، وَحَلَّقَ حَلْقَةً ، وَدَعَا هَكَذَا (وَأَشَارَ سُفْيَانُ بِإِصْبَعِهِ السَّبَّابَةِ) " . قَالَ : وَأَتَيْتُهُمْ _ يَعْنِي : أَصْحَابَ رَسُولِ اللَّهِ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَرَأَيْتُهُمْ يَرْفَعُونَ وَأَتَيْتُهُمْ فِي الشِّبَاءِ

বাংলা

১০৯৩(১২). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... ওয়ায়েল ইবনে হুজর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি যে, তিনি যখন নামায শুরু করতেন তখন তাঁর দুই হাত উপরে উত্তোলন করতেন, এমনকি তা তাঁর উভয় কাঁধ বরাবর উন্নীত হতো। তিনি যখন রুকু করার ইচ্ছা করতেন তখনও এবং রুকু থেকে নিজের মাথা উঠানোর পরও (তাই করতেন)। তিনি (তাশাহহুদে) তাঁর ডান উরুর উপর ডান হাত এবং বাম উরুর উপর বাম হাত রাখেন। তিনি (তাশাহহুদ পড়ার সময় ডান হাতের আঙ্গুলসমূহ দ্বারা) বৃত্ত বানান এবং এভাবে দোয়া করেন। সুফিয়ান (রহঃ) নিজের তর্জনী দ্বারা ইশারা করেন (বুঝিয়ে দেন)। রাবী বলেন, পরে আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীদের নিকট এসে তাদেরকে দেখলাম, তারা শীতকালে তাদের আলখিল্লার মধ্যে তাদের আঙ্গুল উত্তোলন করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন